

“ইনফো-সরকার ৩য় পর্যায়”

প্রকল্পের মাধ্যমে

ইউনিয়ন পর্যায়ে ইন্টারনেট সংযোগ সংক্রান্ত নির্দেশিকা

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

মার্চ, ২০২১

## “ইনফো-সরকার ৩য় পর্যায়” প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নধীন “জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়ন (ইনফো-সরকার ৩য় পর্যায়)” প্রকল্পটি বর্তমান সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত প্রকল্পসমূহের মধ্যে অন্যতম। প্রকল্পটি মন্ত্রিসভার অনুমোদন মোতাবেক “জাতীয় অগ্রাধিকার প্রকল্প” হিসেবে বিগত ০৬/১২/২০১৮ খ্রিঃ তারিখ গেজেটে প্রকাশিত হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে সমগ্র দেশে ২৬০০ ইউনিয়নে দূতগতির ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান কার্যক্রম সমাপ্তির পথে। এছাড়াও ১০০০ পুলিশ অফিসে Virtual Private Network (VPN) কানেক্টিভিটি প্রদান করা হয়েছে। এ বিস্তৃত অবকাঠামো নির্মাণে ইতোমধ্যে ১৯,৫০০ কিলোমিটার অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন করা হয়েছে। এছাড়া আরও ৮১৯৪.৮২ কিলোমিটার Optical Fiber Cable (OFC) স্থাপনের কাজও শেষ পর্যায়ে। ইতোমধ্যে সারাদেশের ২৬০০ ইউনিয়নের মধ্যে ২৫৬৩টি ইউনিয়নে Point of Presence (PoP) রেনোভেশন, ২৪৯২টি ইউনিয়নে ইকুইপমেন্ট ইন্সটলেশন, ২৪৩৪টি ইউনিয়ন নেটওয়ার্ক মনিটরিং সিস্টেমে ইন্টিগ্রেশন সম্পন্ন করা হয়েছে।

ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পটি শতভাগ বাস্তবায়িত হলে সারা দেশের ৬০% ভৌগোলিক এলাকার প্রায় ১০ কোটি জনগণের উচ্চগতির ব্রডব্যান্ড ইন্টারনেট ব্যবহারের সুযোগ নিশ্চিত করা সম্ভব হবে। জাতীয় আইসিটি নীতি ২০১৮ এর লক্ষ্য অর্জনে বাংলাদেশের গ্রামীণ সম্প্রদায়ের জন্য ই-সেবাগুলিতে (e-Service) প্রবেশ নিশ্চিতকরণ, শহর এবং গ্রামের ডিজিটাল বৈষম্য দূরীকরণ এবং নারী-পুরুষের সমতা বাস্তবায়িত হবে। ইউনিয়ন পর্যায়ে এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারে (ইউডিসি) হাই-স্পিড ইন্টারনেট সংযোগ প্রদান, কারিগরি জ্ঞান বিতরণের মাধ্যমে যোগ্যতা বৃদ্ধি এবং আউটসোর্সিং এর মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি হবে। আপামর জনসাধারণের দোরগোড়ায় ডিজিটাল সেবা পৌঁছে দেয়া সম্ভব হবে। দেশের প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত প্রকল্পের এ বিস্তৃত অবকাঠামোর মাধ্যমে ২০২১ সালে ব্রডব্যান্ড ইন্টারনেট গ্রাহক ২.২৫% থেকে ১২% এ উন্নীত হবে। ফলে জিডিপি ১% বৃদ্ধি পাবে।

প্রকল্পের আওতায় ইউনিয়নে স্থাপিত PoP রুমের মাধ্যমে সংশ্লিষ্ট জেলার এনটিটিএন প্রতিষ্ঠান ট্রান্সমিশন সেবা প্রদান করছে এবং আইএসপি প্রতিষ্ঠান ইন্টারনেট সেবা (Last Mile Connectivity) প্রদান করছে। প্রান্তিক পর্যায়ের ব্যবহারকারীগণ স্থানীয় ISP প্রতিষ্ঠান নির্বাচন করে প্রাপ্ত সেবার ভিত্তিতে ইন্টারনেট বিল প্রদান করছে। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) কর্তৃক ইউনিয়ন পর্যায়ে ইন্টারনেট ও ট্রান্সমিশন ব্যান্ডউইথের মূল্য নির্ধারিত হলে প্রান্তিক পর্যায়ের ব্যবহারকারীর সংখ্যা বৃদ্ধি পাবে।

## “ইনফো-সরকার ৩য় পর্যায়” প্রকল্পের মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে ইন্টারনেট সংযোগ সংক্রান্ত নির্দেশিকা

### ক: নির্দেশিকা প্রণয়নের পটভূমি

১. ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্প কর্তৃক এই নির্দেশিকা প্রণয়নের মাধ্যমে সরকারি সেবা প্রদানের প্রচলিত ও প্রথাগত দৃশ্যপট বদলে প্রান্তিক পর্যায়ে মানুষের দোরগোড়ায় সুলভে, সহজে, দ্রুতগতিতে, নিরাপদে ও স্বচ্ছতার সাথে ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা পৌঁছে দেয়া হবে;
২. সরকারি-বেসরকারী সকল ক্ষেত্রে ব্রডব্যান্ড ইন্টারনেট (ন্যূনতম ১০ এমবিপিএস) সেবা নিশ্চিতকরণের মাধ্যমে উৎপাদনশীলতা ও কর্মদক্ষতা বৃদ্ধির মধ্যে দিয়ে প্রবৃদ্ধি অর্জন করা সম্ভব হবে;
৩. প্রান্তিক পর্যায়ে ইন্টারনেট সেবা প্রদানের লক্ষ্যে NTTN (Nationwide Telecommunication Transmission Network) ও ISP (Internet Service Provider) প্রতিষ্ঠানসমূহের মধ্যে অধিকতর সমন্বয় সৃষ্টি করা সম্ভব হবে;
৪. সরকারি সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় ই-নথির প্রয়োগ বৃদ্ধি পাবে, চিঠিপত্র/ইমেইল আদান প্রদান কার্যক্রম বেগবান হবে এবং জনগণের সরকারি সেবা প্রাপ্তি সহজতর হবে;
৫. জনসাধারণের জন্য সাশ্রয়ী, অত্যাধুনিক ও নির্ভরযোগ্য ইন্টারনেট সেবা নিশ্চিত করার মাধ্যমে প্রতিযোগিতামূলক বাজার অর্থনীতি তথা ই-কমার্স, ক্ষুদ্র ও মাঝারি ধরনের প্রতিষ্ঠানসহ বেসরকারী খাতে নতুন নতুন ব্যবসার সুযোগ সৃষ্টি করা সম্ভব হবে;
৬. গ্রামকে উন্নয়ন ও সমৃদ্ধির কেন্দ্রীয় দর্শন হিসেবে বিবেচনা করে সংবিধানের ১৬ নং অনুচ্ছেদ অনুসারে নগর ও গ্রামের বৈষম্য ক্রমাগতভাবে দূর করার মাধ্যমে প্রতিটি গ্রামে শহরের প্রায় সকল সুবিধা পৌঁছানো সম্ভব হবে;
৭. ইন্টারনেট সেবা ব্যবহারের সুদূরপ্রসারী লক্ষ্য বাস্তবায়নের জন্য দেশের সামগ্রিক উন্নয়নে ইন্টারনেট সেবা এবং গ্রাহকের জন্য প্রতিযোগিতামূলক মূল্যে বিভিন্ন প্রকার ইন্টারনেট প্যাকেজ ও নানা ধরনের ডিজিটাল সেবা প্রাপ্তির সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে এই নির্দেশিকা সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হবে।

### খ: নির্দেশিকা প্রণয়নের লক্ষ্য ও উদ্দেশ্য

ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের মাধ্যমে স্থাপিত আবকাঠামোর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রান্তিক পর্যায়ে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা বৃদ্ধি করাই এই নির্দেশিকা প্রণয়নের মূল উদ্দেশ্য। গ্রাম পর্যায়ে প্রান্তিক জনগোষ্ঠীর জন্য ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে এই নির্দেশিকা নিম্নবর্ণিত উদ্দেশ্যে ব্যবহৃত হবে।

১. প্রান্তিক পর্যায়ে জনগণের জন্য সাশ্রয়ী, অত্যাধুনিক ও নির্ভরযোগ্য ইন্টারনেট সেবা প্রদান;
২. ইন্টারনেট সেবা প্রদানের লক্ষ্যে প্রতিযোগিতামূলক ও ন্যায্য বাজারমূল্য প্রতিষ্ঠা করা। সেবার ক্ষেত্রে একটি প্রতিযোগিতামূলক পরিবেশ সৃষ্টিকরণ;
৩. দেশের সকল গ্রামকে শহরের মত ইন্টারনেট সেবা সংযোগের আওতাভুক্তিকরণ;
৪. দেশের সকল সরকারি-বেসরকারী প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, এমপিওভুক্ত, ননএমপিওভুক্ত, কারিগরি ইন্সটিটিউট, মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে ইন্টারনেট সেবার আওতাভুক্তিকরণ;

৫. যুব উন্নয়ন অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর, সমবায় অধিদপ্তরের অধীনস্থ দেশের সকল সরকারি প্রশিক্ষণ কেন্দ্রসহ অন্যান্য সকল বেসরকারী পর্যায়ের প্রশিক্ষণ কেন্দ্রসমূহকে ব্রডব্যান্ড ইন্টারনেট সেবার আওতাভুক্তিকরণ;
৬. কৃষকের ন্যায্যমূল্য নিশ্চিতকরণের লক্ষ্যে সকল কৃষি পণ্য উৎপাদন, বিপণন ও ক্রয় বিক্রয়ের ক্ষেত্রে ইন্টারনেট সেবার প্রয়োগ বৃদ্ধিকরণ;
৭. টেলিমেডিসিন সেবা সম্প্রসারণের লক্ষ্যে ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্স এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহকে ইন্টারনেট সেবার আওতাভুক্তিকরণ;
৮. সরকারি-বেসরকারী অংশীদারিত্বকে উৎসাহিতকরণ;
৯. সামরিক, আধা-সামরিক ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের গোপনীয়তা ও নিরাপত্তার বিষয়টি নিশ্চিতকরণপূর্বক ইন্টারনেট সেবার আওতাভুক্তিকরণ।

#### গ: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের দায়িত্ব

১. প্রান্তিক জনগোষ্ঠীর জন্য ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে নীতি-নির্ধারণী সিদ্ধান্ত গ্রহণ;
২. বাস্তবায়নকারী সংস্থা বিসিসি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;
৩. প্রান্তিক পর্যায়ে ইন্টারনেট কানেক্টিভিটি ও আইসিটির প্রয়োগ সম্প্রসারণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়সহ সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সাথে সমন্বয় সাধন;
৪. মাসিক আন্তঃমন্ত্রণালয় সভার মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়সহ সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগকে ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের ইউনিয়ন পপ থেকে ইন্টারনেট সেবা গ্রহণের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;
৫. জেলা প্রশাসক হতে প্রাপ্ত প্রতিবেদনের আলোকে মাস ভিত্তিক সকল মন্ত্রণালয়/বিভাগের অধীনস্থ প্রতিষ্ঠানসমূহের ইন্টারনেট সংযোগ গ্রহণের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়াদির উপর তদারকি ও প্রতিবন্ধকতা নিরসনসহ মাঠ প্রশাসনকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;
৬. ইউনিয়ন পর্যায়ে ইন্টারনেট এর চাহিদা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন প্রকার গণসংযোগমূলক কার্যক্রম পরিচালনা।

#### ঘ: বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের দায়িত্ব

১. বাস্তবায়নকারী প্রতিষ্ঠান হিসেবে প্রকল্প কর্তৃক নির্মিত অবকাঠামো সংশ্লিষ্ট NTTN প্রতিষ্ঠানের সাথে সমন্বয় পূর্বক সার্বিক রক্ষণাবেক্ষণ ও আপগ্রেডেশন;
২. ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ সংক্রান্ত তথ্য প্রচার ও প্রচারণার লক্ষ্যে বিসিসি এর আঞ্চলিক কার্যালয়সমূহকে সম্পৃক্তকরণ;
৩. বিসিসি কর্তৃক আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণকে প্রকল্পের জেলা পর্যায়ের কার্যক্রম পরিদর্শনের একটি মাসিক প্রমাপ বা লক্ষ্যমাত্রা নির্ধারণ;
৪. বিসিসি আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণ কর্তৃক উক্ত প্রমাপ বা লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে জেলাসমূহ পরিদর্শনপূর্বক সহকারি নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারগণকে তদারকিকরণ এবং পরিদর্শন প্রতিবেদন বিসিসি'তে প্রেরণ;

৫. প্রান্তিক পর্যায়ে ইন্টারনেট সংযোগ বিস্তারের লক্ষ্যে মাঠ পর্যায়ে উদ্ভূত যেকোন সমস্যা সমাধানে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ;
৬. জাতীয় পর্যায়ে এনটিটিএন, আইএসপিএবি ও সকল স্টেকহোল্ডারগণের মধ্যে সমন্বয় সাধন।

### ৩: জেলা প্রশাসকের দায়িত্ব

১. বিভিন্ন সভা, সেমিনার, কর্মশালায় জেলা প্রশাসকগণ কর্তৃক ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের মাধ্যমে জেলা, উপজেলা ও ইউনিয়নে স্থাপিত পপ হতে প্রান্তিক পর্যায়ে ইন্টারনেট সংযোগ গ্রহণের বিষয়ে নির্দেশনা প্রদান;
২. জেলা উন্নয়ন সমন্বয় সভার আলোচ্যসূচীতে প্রান্তিক পর্যায়ে ইন্টারনেট সংযোগ বৃদ্ধিসহ প্রকল্পের সার্বিক বিষয় অন্তর্ভুক্তিকরণ;
৩. জেলা পর্যায়ের লাইসেন্সধারী সকল ISP (Internet Service Provider) প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুতকরণ ও তালিকা সংরক্ষণ;
৪. জেলা পর্যায়ের সকল কর্মকর্তাগণ ও তাদের অধীনস্থদের দাপ্তরিক সকল কাজে ব্রডব্যান্ড ইন্টারনেট ব্যবহারের নির্দেশনা প্রদান;
৫. আইএসপি প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিগণ, ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের সাথে সংশ্লিষ্ট স্ব স্ব জেলার NTTN (Nationwide Telecommunication Transmission Network) প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ এবং আইসিটি সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের সাথে সমন্বয় সভা করে, প্রচলিত বাজারদরের সাথে সামঞ্জস্য রেখে, প্রান্তিক পর্যায়ের জনগণের সুলভ ইন্টারনেট ব্যান্ডউইথ প্রাপ্তির বিষয়টি বিবেচনায় রেখে BTRC (Bangladesh Telecommunication Regulatory Commission) কর্তৃক মূল্য নির্ধারিত না হওয়া পর্যন্ত একটি সহনীয় মূল্য নির্ধারণ;
৬. ইউনিয়ন পর্যায়ের ইন্টারনেট ব্যান্ডউইথ এর মূল্য জেলা পর্যায়ের মূল্যের সমান বা কম রাখার বিষয়টি নিশ্চিতকরণ; এ লক্ষ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কে সম্পৃক্তকরণ;
৭. আইএসপি প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে সমন্বয় সভায় নির্ধারিত মূল্যে ইউনিয়ন পর্যায়ের সংশ্লিষ্ট আবেদনকারীর ইন্টারনেট সংযোগ নিশ্চিতকরণ;
৮. ইউনিয়ন পর্যায়ে ইন্টারনেট সংযোগের আবেদনসমূহ উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ;
৯. বিটিআরসি কর্তৃক ব্যান্ডউইথের মূল্য নির্ধারিত না হওয়া পর্যন্ত ৩ ধরনের রেট নির্ধারণ করা যেতে পারে; প্রথম ৩ মাস বাজার মূল্যের চেয়ে নিম্নহারে, পরবর্তী ৩ মাস মধ্যম হারে এবং পরবর্তী সময়ের জন্য বাজার মূল্যে;
১০. ইন্টারনেট গ্রাহক বৃদ্ধির লক্ষ্যে জেলা আইসিটি কমিটিতে প্রকল্পের বিষয়টি আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ;
১১. সকল শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটির প্রয়োগ উৎসাহিতকরণ এবং শিক্ষা ব্যবস্থাকে ডিজিটাইজেশন করতে উৎসাহিতকরণ;
১২. ই-নামজারী কার্যক্রমসহ ভূমি সংক্রান্ত যাবতীয় নাগরিক সেবা ডিজিটাল পদ্ধতিতে প্রদানের লক্ষ্যে সকল ইউনিয়ন ও উপজেলা ভূমি অফিসে ইন্টারনেট সংযোগ নিশ্চিতকরণ;
১৩. ইউনিয়ন পর্যায়ে কৃষি অফিসসমূহে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ গ্রহণে উৎসাহিতকরণ;
১৪. প্রকল্প কর্তৃক নির্মিত অবকাঠামো সম্পর্কে জনগণকে অবহিতকরণ এবং স্থানীয় জনপ্রতিনিধিগণকে বিশেষ করে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে সম্পৃক্তকরণ;
১৫. সৃজনশীল উদ্যোগ গ্রহণের মাধ্যমে স্ব স্ব জেলায় ব্রডব্যান্ড কানেক্টিভিটি প্রসারের লক্ষ্যে একটি গ্রাহকবান্ধব মডেল প্রণয়ন;

১৬. গ্রাহকগণের নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে প্রতিটি জেলায় একটি করে ফোকাল পয়েন্ট টিম গঠন।

ক্রমিক নং	পদবি ও দপ্তরের নাম	কমিটিতে অবস্থান
০১	সহকারী কমিশনার (আইসিটি)	আহবায়ক
০২	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অধীনস্থ জেলায় কর্মরত প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার	সদস্য
০৩	উপ পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর এর একজন প্রতিনিধি	সদস্য
০৪	ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পে কর্মরত সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার	সদস্য-সচিব
০৫	কানেক্টেড বাংলাদেশ প্রকল্পে কর্মরত সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার	সদস্য
০৬	ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পে কর্মরত টেকনিশিয়ান	সদস্য

প্রকল্পের মেয়াদ শেষে জেলা প্রশাসক উপযুক্ত সদস্য অন্তর্ভুক্ত করে ফোকাল পয়েন্ট টিম পুনর্গঠন করবেন।

১৭. জেলা প্রশাসক কর্তৃক ফোকাল পয়েন্ট টিমকে Hot Line Number প্রদান;

১৮. নতুন গ্রাহকদের ইন্টারনেট সংযোগ গ্রহণের ক্ষেত্রে ভোগান্তি হলে কিংবা সংযোগপ্রাপ্ত গ্রাহকগণের সেবা প্রাপ্তির ক্ষেত্রে কোন অভিযোগ থাকলে ফোকাল পয়েন্ট টিমের মাধ্যমে তা দ্রুততার সাথে সমাধানকরণ;

১৯. নিরবচ্ছিন্ন সেবা গ্রাহক-বান্ধব করার লক্ষ্যে ফোকাল পয়েন্ট টিম, এনটিটিএন প্রতিনিধি, আইএসপি প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয়করণ;

২০. ইউনিয়ন পর্যায়ে ইন্টারনেট সংযোগ বৃদ্ধিকরণ কার্যক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কে সম্পৃক্তকরণ;

২১. ইন্টারনেট সংযোগ গ্রহণ সংক্রান্ত জেলার সামগ্রিক চিত্র প্রতিবেদন আকারে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল বরাবর পাক্ষিক ভিত্তিতে প্রেরণ;

#### চ: উপজেলা নির্বাহী অফিসারের দায়িত্ব

- উপজেলা পরিষদের মাসিক সভার আলোচ্যসূচিতে ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের বিষয় অন্তর্ভুক্তিকরণ এবং সভায় ইন্টারনেট সংযোগ গ্রহণের বিষয় বিস্তারিত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ;
- উপজেলা পর্যায়ের লাইসেন্সধারী সকল ISP প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুতকরণ এবং সংরক্ষণ;
- উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাগণ ও তাদের অধীনস্থদের দাপ্তরিক সকল কাজে ইন্টারনেটের সর্বোচ্চ প্রয়োগ নিশ্চিত করার লক্ষ্যে ব্রডব্যান্ড ইন্টারনেট ব্যবহারের নির্দেশনা প্রদান;
- আইএসপি প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে জেলা প্রশাসকগণের সমন্বয় সভায় নির্ধারিত মূল্যে সংশ্লিষ্ট আবেদনকারীর ইন্টারনেট সংযোগ নিশ্চিতকরণ;
- ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের অবকাঠামো থেকে ইন্টারনেট সংযোগ গ্রহণের বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সম্পৃক্তকরণ;
- ইন্টারনেট সেবা অধিকতর গ্রাহকবান্ধব ও নিরবচ্ছিন্ন করার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উপজেলাধীন সকল ISP প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিগণকে নিয়ে প্রতি মাসে একবার সমন্বয় সভা অনুষ্ঠান;

৭. প্রতিটি ইউনিয়নে নিযুক্ত ট্যাগ অফিসারকে ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের কার্যক্রমে সম্পৃক্তকরণ;
৮. দাখিলকৃত আবেদনের সংখ্যা, ইন্টারনেট সংযোগ প্রাপ্ত গ্রাহক সংখ্যা, ইন্টারনেট সংযোগ প্রদান প্রক্রিয়াধীন এমন গ্রাহক সংখ্যা, ইত্যাদি সংক্রান্ত তথ্য সম্বলিত পাক্ষিক প্রতিবেদন জেলা প্রশাসক বরাবর প্রেরণ;
৯. ইন্টারনেট সংযোগ সংক্রান্ত তথ্য প্রচার ও প্রচারণার লক্ষ্যে সকল কর্মকর্তাগণ ও তাদের অধীনস্তদের সম্পৃক্তকরণ।

#### ছ: ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের দায়িত্ব

১. প্রকল্পের অবকাঠামো থেকে ইন্টারনেট সংযোগ গ্রহণের লক্ষ্যে স্ব স্ব ইউনিয়নের ইউপি সদস্যগণকে অবহিতকরণ;
২. জেলা প্রশাসকগণ ও উপজেলা নির্বাহী অফিসারগণের নির্দেশনাসমূহ ইউনিয়ন পরিষদ সচিব ও উদ্যোক্তাগণ কর্তৃক যথাযথভাবে প্রতিপালনের বিষয়টি তদারকিকরণ;
৩. প্রকল্প কর্তৃক নির্মিত অবকাঠামো ও যন্ত্রপাতিসমূহের সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিতকরণ এবং অনুমোদিত ব্যক্তিবর্গের ২৪/৭ প্রবেশের ব্যবস্থা গ্রহণ;
৪. ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্প কর্তৃক নির্মিত পপ কক্ষসহ ইউনিয়ন পরিষদ ভবন এবং আঙিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ;
৫. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সভাপতিত্বে অনুষ্ঠিত সকল সভায় প্রকল্প কর্তৃক নির্মিত অবকাঠামো থেকে ইন্টারনেট সংযোগ গ্রহণে জনগণকে উদ্বুদ্ধকরণ এবং প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণ;
৬. অবকাঠামো থেকে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ গ্রহণে উৎসাহিতকরণ;
৭. প্রান্তিক পর্যায়ে সংযোগ বৃদ্ধির লক্ষ্যে ISP প্রতিষ্ঠানসমূহকে সহযোগিতাকরণ;
৮. ISP কর্তৃক সংযোগ প্রদানের ক্ষেত্রে উদ্ভূত যেকোন সমস্যা সমাধানকরণ।

#### জ: এনটিটিএন প্রতিষ্ঠানের দায়িত্ব

১. নিরবচ্ছিন্ন ট্রান্সমিশন ব্যান্ডউইথ প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
২. ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের আওতায় এগ্রিগেশন, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে স্থাপিত সকল যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ;
৩. ট্রান্সমিশন ব্যান্ডউইথ সংক্রান্ত বিষয়ে আইএসপি প্রতিষ্ঠানকে সকল প্রকার সহায়তা প্রদান;
৪. জেলার ফোকাল পয়েন্ট টিম কে বিটিআরসি কর্তৃক প্রদত্ত NITN নীতিমালা অনুযায়ী এই প্রকল্পের নেটওয়ার্ক সংক্রান্ত বিষয়ে সহায়তা প্রদান;
৫. জেলা প্রশাসকের সভাপতিত্বে অনুষ্ঠিত সমন্বয় সভায় নির্ধারিত মূল্যে ইউনিয়ন পর্যায়ে ট্রান্সমিশন ব্যান্ডউইথ প্রদান;
৬. Optical Fiber Cable এবং পপ রুমের কোন যন্ত্রপাতি চুরি বা ক্ষয়-ক্ষতি হলে তা স্থানীয় প্রশাসন ও পুলিশ বিভাগকে অবহিতকরণ;
৭. পপসমূহের সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ সচল রাখার জন্য নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ;
৮. প্রতিটি জেলায় ইন্টারনেট সংযোগ প্রদান সংক্রান্ত সার্বিক কার্যক্রম বেগবান করার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক দক্ষ জনবল নিয়োগ, যানবাহন ও Fast Moving Item সংরক্ষন;

৯. নিয়োজিত জনবলকে নেটওয়ার্কের ট্রাবলশুটিং কার্যক্রমে সার্বক্ষণিক সম্পৃক্তকরণ;
১০. ইউডিসি উদ্যোক্তাগণকে প্রতিটি গ্রাহক সংযোগ প্রদানের কাজে সম্পৃক্তকরণ এবং যৌক্তিক হারে আর্থিক প্রণোদনা প্রদান।

#### ব: আইএসপি প্রতিষ্ঠানসমূহের দায়িত্ব

১. এনটিটিএন এর সাথে সমন্বয়ের মাধ্যমে গ্রাহক পর্যায়ে নির্ধারিত মূল্যে নিরবচ্ছিন্ন ইন্টারনেট ব্যান্ডউইথ সেবা প্রদান;
২. উপজেলা নির্বাহী অফিসার বরাবর নতুন সংযোগ প্রাপ্ত গ্রাহকসংখ্যা এবং সংযোগ প্রদান প্রক্রিয়াধীন এমন গ্রাহক সংখ্যার তালিকা পাক্ষিক ভিত্তিতে প্রেরণ;
৩. গ্রাহক বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণ;
৪. আইএসপি কর্তৃক প্রথম ৩ মাস নিম্নহারে, পরবর্তী ৩ মাস মধ্যম হারে এবং পরবর্তী সময়ের জন্য বাজার মূল্যে ইন্টারনেট ব্যান্ডউইথ প্রদান;
৫. জনবহুল স্থানে Hotspot Zone স্থাপন পূর্বক Scratch Card এর মাধ্যমে বিভিন্ন মেয়াদ ও পরিমাণ ভিত্তিক ইন্টারনেট সরবরাহকরণ;
৬. ইউনিয়ন পর্যায়ে সংযোগ প্রদানের ক্ষেত্রে ইউডিসি উদ্যোক্তাগণকে সম্পৃক্তকরণ এবং যৌক্তিক হারে আর্থিক প্রণোদনা প্রদান;
৭. ইন্টারনেট সংযোগ প্রদান সংক্রান্ত সার্বিক কার্যক্রম বেগবান করার লক্ষ্যে প্রতি জেলায় একজন করে প্রতিনিধি নির্বাচন এবং নির্বাচিত প্রতিনিধিকে ট্রাবলশুটিং কার্যক্রমে সার্বক্ষণিক সম্পৃক্তকরণ;
৮. ইউনিয়ন ডিজিটাল সেন্টারসহ প্রান্তিক পর্যায়ের সকল গ্রাহককে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা প্রদান;
৯. নিরবচ্ছিন্ন ট্রান্সমিশন সেবা প্রদানের লক্ষ্যে সম্পাদিতব্য বানিজ্যিক চুক্তির শর্তানুযায়ী চুক্তিকারী প্রতিষ্ঠানকে নিয়মিত মাসিক বিল প্রদান।

#### গ: ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তার দায়িত্ব

১. প্রকল্পের মাধ্যমে নির্মিত অবকাঠামো থেকে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ গ্রহণ সংক্রান্ত তথ্য প্রচার ও প্রচারণার মাধ্যমে গ্রাহকগণকে উৎসাহিতকরণ;
২. ইউনিয়ন পরিষদে আগত ইন্টারনেট সংযোগ গ্রহণ করতে ইচ্ছুক গ্রাহকগণকে সকল প্রাথমিক তথ্য সরবরাহকরণ;
৩. ইন্টারনেট সংযোগ গ্রহণের লক্ষ্যে জেলা প্রশাসক বরাবর নাগরিক আবেদন করার ক্ষেত্রে গ্রাহকগণকে সহায়তাকরণ;
৪. ফোকাল পয়েন্ট, NTTN এবং ISP এর মোবাইল নাম্বার সংরক্ষণ এবং গ্রাহকগণের কারিগরি সমস্যা/অভিযোগ/জিজ্ঞাসা ফোকাল পয়েন্ট টিমকে অবহিতকরণ;
৫. গ্রাহকগণের সেবা প্রাপ্তির ক্ষেত্রে যেকোন সমস্যা সমাধানের লক্ষ্যে ফোকাল পয়েন্ট ও ISP প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় সাধন;
৬. ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের অবকাঠামোর যে কোন ক্ষয়ক্ষতি হলে তা যথাযথ কর্তৃপক্ষকে অবহিতকরণ;